



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ১১, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৬ অগ্রহায়ণ ১৪১৩/১০ ডিসেম্বর ২০০৬

এস, আর, ও নং ৩১৬-আইন/২০০৬/শ্রকম/শা-৬/১(৪)/২০০১।— বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, নিম্নের তফসিলে বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে উক্ত আইনের ধারা ১০০, ধারা ১০১, ধারা ১০২, ধারা ১০৩ এর দফা (ক), ধারা ১০৫ এবং ধারা ১১৪ এর বিধানাবলী হইতে ১৫-১০-২০০৬ খ্রিস্টাব্দ হইতে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

- (ক) উক্ত মেয়াদে কর্মরত কোন শ্রমিক সাপ্তাহিক ছুটি ভোগ না করিয়া থাকিলে তৎপরিবর্তে তাহাকে উক্ত মেয়াদ শেষ হইবার পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে ক্ষতিপূরণ ছুটি প্রদান করিতে হইবে; এবং
- (খ) উক্ত মেয়াদকালীন অতিরিক্ত সময়ের কাজের জন্য প্রত্যেক শ্রমিককে সাধারণ হারের দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে।

তফসিল

- (১) পঞ্চগড় চিনিকল লিঃ, পঞ্চগড়।
- (২) ঠাকুরগাঁও চিনিকল লিঃ, ঠাকুরগাঁও।
- (৩) সেতাবগঞ্জ চিনিকল লিঃ, দিনাজপুর।
- (৪) শ্যামপুর চিনিকল লিঃ, রংপুর।

( ১১৮৭১ )

মূল্য : টাকা ২.০০

- (৫) জয়পুরহাট চিনিকল লিঃ, জয়পুরহাট।
- (৬) রাজশাহী চিনিকল লিঃ, রাজশাহী।
- (৭) নাটোর চিনিকল লিঃ, নাটোর।
- (৮) নর্থ বেংগল চিনিকল লিঃ, নাটোর।
- (৯) কুষ্টিয়া চিনিকল লিঃ, কুষ্টিয়া।
- (১০) মোবারকগঞ্জ চিনিকল লিঃ, ঝিনাইদহ।
- (১১) কেরু এন্ড কোং (বাংলাদেশ) লিঃ, চুয়াডাঙ্গা।
- (১২) ফরিদপুর চিনিকল লিঃ, ফরিদপুর।
- (১৩) জিলবাংলা চিনিকল লিঃ, জামালপুর।
- (১৪) পাবনা চিনিকল লিঃ, পাবনা।
- (১৫) রংপুর চিনিকল লিঃ, গাইবান্ধা।

২। এই প্রজ্ঞাপন ৩০ আশ্বিন ১৪১৩ বঙ্গাব্দ মোতাবেক ১৫ অক্টোবর ২০০৬ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহজাহান আলী সরদার  
উপ-সচিব (শ্রম)।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।